# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৪৬) লাইলাতুল কদরে যে বাৎসরিক তাকদীর নির্ধারণ হয়, তার দলীল কি?

উত্তরঃ লাইলাতুল কদরে বাৎসরিক তাকদীর লিখিত হয়। এ ব্যাপারে অনেক দলীল রয়েছে। আল্লাহ্‌ তাআলা বলেনঃ

إِنَّا أَنزَلْنَاهُ فِي لَيْلَةٍ مُبَارَكَةٍ إِنَّا كُنَّا مُنذِرِينَ فِيهَا يُفْرَقُ كُلُّ أَمْرٍ حَكِيمٍ أَمْرًا مِنْ عِنْدِنَا إِنَّا كُنَّا مُرْسِلِينَ

“আমি একে নাযিল করেছি এক বরকতময় রাতে। নিশ্চয়ই আমি সতর্ককারী। এই রাতে প্রত্যেক প্রজ্ঞাপূর্ণ বিষয় ফয়সালা হয়। আমার আদেশক্রমে। আমি তো প্রেরণকারী”। (সূরা দুখানঃ ৩-৫)

ইবনে আববাস (রাঃ) বলেনঃ পূর্ণ এক বছরে যা হবে তা লাওহে মাহফুয্‌ থেকে লাইলাতুল কদরে লিপিবদ্ধ করা হয়। যেমন কারো মৃত্যু, জন্ম, রিযিক, বৃষ্টি এমনকি হাজীদের সংখ্যাও নির্ধারণ করা হয়। বলা হয় অমুক অমুক এবছর হজ্জ করবে। হাসান বসরী, সাঈদ বিন যুবায়ের, মুকাতিল আবু আব্দুর রাহমান এবং অন্যান্য আলেম থেকে এরূপ কথাই বর্ণিত হয়েছে।[1]

## ফুটনোট

[1] - সহীহুল হাকেম, অধ্যায়ঃ কিতাবুত্‌ তাফসীর।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11960

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন